

Handwritten signature and date: 28/01/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা  
কর্মসংস্থান শাখা-৩

নং-৪৯.০০৪.০১১.০৮২১.০০.২৩৯.২০১০-৩২

তারিখ : ১০/০১/২০১৬ খ্রিঃ।

বিষয় : সৌদি আরবের নিয়োগকর্তা Ajwa Areha Construction Est. এর অধীনে G. Cleaning Labour পদে (৫+৭+৭)=১৯ (উনিশ) জন কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি রয়েল ওভারসীজ (আরএল-৮২১) এর আবেদনের প্রেক্ষিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সৌদি আরবের নিয়োগকর্তা Ajwa Areha Construction Est. এর অধীনে G. Cleaning Labour পদে (৫+৭+৭)=১৯ (উনিশ) জন কর্মীর নিয়োগানুমতি প্রদান করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	সংখ্যা	মাসিক বেতন (সৌঃ রিঃ)	আহার, বাসস্থান, যাতায়াত, ইকামা ও চিকিৎসা	বিমান ভাড়া (উভয় পথ)	চুক্তির মেয়াদ
Ajwa Areha Construction Est.	G. Cleaning Labour	(৫+৭+৭)=১৯ (উনিশ) জন	৮০০	ফ্রি	ফ্রি	০২ বছর

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সৌদি আরবের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্রের কপি দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় ১৭,৪০০/- (সতের হাজার চারশত) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাভাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকরির শর্তাবলী সৌদি আরব-এর শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

Handwritten signature and date: 28/01/2016

(শোভা শাহিনাজ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৩৫৬৭৩৫


S-19.  
10.01.16

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড  
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপিঃ (অবগতি ও কার্যার্থে)

- ১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সচিব এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/, রিয়াদ, সৌদি আরব : চাহিদা পত্র ও ক্ষমতা পত্র সংযুক্তকরতঃ নিয়োগকারীর যথার্থতা যাচাই এবং ফলো-আপ করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। কোনো কর্মীর স্বার্থহানিসহ কোনো অনিয়ম গোচরীভূত হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেও অনুরোধ জানানো হলো।
- ৫। যুগ্মসচিব (কর্মসংস্থান ও পলিসি) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৬। স্বত্বাধিকারী মেসার্স রয়েল ওভারসীজ (আরএল-৮২১) এর প্যারামাউন্ট হাইটস, পুরানা পল্টন, মতিঝিল, ঢাকা-১০০০।

  
(শোভা শাহনাজ)  
সিনিয়র সহকারী সচিব